

গাবতলী পৌরসভা কার্যালয়
গাবতলী, বগুড়া।

সভা নং-১৫

সভাপতি : জনাব মোঃ সাইফুল ইসলাম
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।

তারিখ ও সময় : ০৬/০২/২০২২খ্রিঃ রোজঃ রবিবার, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : গাবতলী পৌরসভা কার্যালয়, গাবতলী, বগুড়া।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট খ।

আলোচ্য সূচি : পূর্ব সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।

ক্রমিক নং	প্রস্তাব	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	কাজ বাস্তবায়নের সময়/ অগ্রগতি
০১	গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানির জন্য সভায় প্রস্তাব করা হয়।	সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	গত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	
০২	ডেঙ্গু, মশক নিধন ও পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	ডেঙ্গু, মশক নিধন ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান চলমান রয়েছে। জনগনের স্বাস্থ্য ঝুঁকির কথা মাথায় রেখে এই কার্যক্রম চলমান রাখা জরুরী। আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিডিউল মোতাবেক ৬/০২/২০২২ রবিবার ১নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে। ৭/০২/২০২২ সোমবার ২নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে। ৮/০২/২০২২ মঙ্গলবার ৩নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে। ৯/০২/২০২২ বুধবার ৪নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে। ১০/০২/২০২২ বৃহস্পতিবার ৫নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে। ১১/০২/২০২২ শুক্রবার ৬নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে। ১২/০২/২০২২ শনিবার ৭নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে। ১৩/০২/২০২২ রবিবার ৮নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে। ১৪/০২/২০২২ সোমবার ৯নং ওয়ার্ডে আগাছা পরিষ্কার ও মশক নিধন স্প্রে অভিযান কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	
০৩	পৌরসভার হোল্ডিং ট্যাক্স আদায় বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	সভায় জানানো হয় বিগত ২০২০-২০২১ অর্থ বছরে গাবতলী পৌরসভার পুনঃনির্ধারণ সম্পন্ন হয়েছে। এ বিষয়ে মাইকিং	পুনঃ নির্ধারিত কর যথাযথ ভাবে আদায়ের জন্য পৌরসভার জনবল স্বল্পতার কারণে কর আদায়ে অভিজ্ঞ	মেয়র, গাবতলী পৌরসভা	

		ও বিজ্ঞপ্তির মাধ্যমে জনগণকে অবহিত করা হয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক পৌর কর ৭৫% আদায় করতে হবে। পৌরসভার রাজস্ব আদায়ে সকল কাউন্সিলরের অংশ গ্রহন প্রয়োজন।	একটি সংস্থার সাথে চুক্তি করে ১০০% (শতভাগ) কর আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।		
০৪	সার্বজনীন ভিজিএফ তালিকা প্রস্তুত করার বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	সভাপতি সাহেব জানান যে, প্রত্যেক অর্থ বছরে ঈদের আগে বন্যাভ্রান্ত/অন্যান্য দুর্যোগক্রান্ত/দুঃস্থ/অতিদরিদ্র জনগণের মাঝে ভিজিএফ খাদ্য শস্য (চাল) বরাদ্দ আসে। অগ্রাধিকার ভিত্তিতে তাদের তালিকা আগে থেকেই প্রস্তুত করা প্রয়োজন। সপ্ত সময়ে তালিকা যাচাই বাচাই করে অনুমোদনের জন্য প্রেরণ করা ঋমেলা পূর্ণ হয়। বিধায় সমগ্র পৌরসভার হতদরিদ্র জনগণের সমন্বয়ে সার্বজনীন তালিকা প্রণয়ন প্রয়োজন। আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে তালিকা আগে থেকেই প্রস্তুত করা এবং সপ্ত সময়ে তালিকা যাচাই বাচাই এর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।		
৫	ঠিকাদারী লাইসেন্স নতুন প্রদান ও নবায়ন বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	গাবতলী পৌরসভার উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নে চলতি বছরের ঠিকাদারী লাইসেন্স নতুন প্রদান ও নবায়ন করার প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা হয়। মেয়র গাবতলী পৌরসভা জানান যেহেতু চলতি বছরে বরাদ্দ বিলম্বে পাওয়া গেছে তাই ঠিকাদারী লাইসেন্স প্রদানের বিজ্ঞপ্তি প্রদানে দেরি হচ্ছে। অতঃপর অর্থ বছর শুরু হওয়ায় লাইসেন্স নতুন তালিকাভুক্ত ও নবায়ন করার বিজ্ঞপ্তি দেয়া যায়। আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহণ করেন।	আলোচনা শেষে ঠিকাদারী লাইসেন্স নতুন প্রদান ও নবায়ন এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান ও লাইসেন্স সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদনের জন্য সহকারী প্রকৌশলী, গাবতলী পৌরসভা কে দায়িত্ব দিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাইফুল ইসলাম
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া

মোঃ সাইফুল ইসলাম
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।
মোবাইল নম্বর ০১৯১৫৬৩৫৮২৬

স্মারক নং- ৪৬.৫০.১০৪০.১০০.০০১.২০২২/১৫/১

তারিখ : ১৩/১২/২০২২

- অনুলিপি সদয় অবগতির জন্যঃ
- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
 - ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
 - ৪। অফিস কপি।

মোঃ সাইফুল ইসলাম
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।
মোবাইল নম্বর ০১৯১৫৬৩৫৮২৬